

(তৃতীয় পাতার পর)

হাজতে অত্যাচারের দরুণ বিভাগীয় তদন্ত

কমিশন মানস কুমার মাইতিকে তদন্তের স্থার্থে কমিশনে উপস্থিত করান এবং জানতে পারেন যে তিনি হরিহরপাড়া থানার তদন্ত আধিকারিক ছিলেন না এবং তিনি জানান যে মামলায় অভিযুক্ত সরিফুল ইসলামকে এস. আই. তম্বয় ঘোষ গ্রেপ্তার করেন কিন্তু পুলিশ হাজতে তার উপর অত্যাচার করা হয়েছিল কিনা তা তার জানা নেই। তিনি এও অস্বীকার করেন যে তম্বয় ঘোষকে গালাগালি ও ভয় দেখানোর পরিপ্রেক্ষিতে মুর্শিদাবাদের পুলিশ সুপার তার বিরুদ্ধে তথ্য দিয়েছেন। তিনি সরিফুলের উপর অত্যাচার করার ঘটনাকে অস্বীকার করেন। তিনি জানেন না কিভাবে হোমগার্ড কাজিবুদ্দিন পুলিশ সুপারের সামনে সাক্ষ্য দেন। সরিফুল ইসলামের হাসপাতালে ভর্তি হবার কথাও তার জানা ছিল না বলে মন্তব্য করেন। তিনি এও জানান যে যেহেতু তিনি তদন্ত আধিকারিক ছিলেন না তাই তিনি জানেন না কিসের ভিত্তিতে সরিফুলের নাম অভিযোগপত্রে উল্লেখিত নামের সাথে যুক্ত হইয়াছে। পুলিশ সুপার তদন্তের জন্য সরিফুলকে ডাকেননি। সরিফুল ইসলাম বহরমপুর কোর্টে অভিযোগ দায়ের করেন। সরিফুল ইসলাম একজন এ. পি. ডি. আর. সদস্য। পুলিশ সুপারের কাছে তার ভাবমূর্তি নষ্ট করার জন্য এ. পি. ডি. আর. সদস্যরা মিথ্যা অভিযোগ দায়ের করেন। মুর্শিদাবাদের পুলিশ সুপার তার অনুরোধে তাকে ভরতপুর থানার দায়িত্ব দেন। শ্রী মাইতি নিজেকে নির্দোষ বলে দাবী করেন। কমিশন অভিযোগকারীর অভিযোগ খতিয়ে দেখতে পান যে অন্য একটি ঘটনায় জড়িত মামলার সঙ্গে পুলিশ হাজতে অত্যাচারের ঘটনা সঙ্গতিহীন।

কমিশন মামলার নথি ও অন্যান্য উপাদান থেকে এই বিশ্বাসে উপনীত হন যে এস. আই. মানস কুমার মাইতি সরিফুল ইসলামকে বিভিন্ন দফায় অত্যাচার করেন যার জন্য কমিশন তার বিরুদ্ধে বিভাগীয় তদন্তের জন্য রাজ্য সরকারের কাছে সুপারিশ করেন এবং কমিশনকে তদন্তের ফলাফল জানাতে বলা হয়।

(প্রথম পাতার পর )

### নারী ক্ষমতায়ন বর্ষ

আমাদের কথায় ও কাজে —বিরাট ফারাক তাই কিছুই দেওয়া গেল না—অদূর ভবিষ্যতে কিছু দেওয়া হবে বলে মনে হচ্ছে না। আইন আছে,—আরও হবে— হবে না তার রূপায়ণ।

একটি বছরকে শুধু—বিশেষভাবে চিহ্নিত করে আলোচনা সভায় বক্তব্য রাখলেই চলবে না—চাই মানসিকতার পরিবর্তন—চাই চিন্তাধারার আমূল পরিবর্তন—চাই পরিবর্তনের সদিচ্ছা।

আমার দৃঢ়বিশ্বাস নারীর অধিকার নারীকেই প্রতিষ্ঠিত করতে হবে—সচেতন করে তুলতে হবে তাদের অধিকার সম্পর্কে আন্দোলনের মাধ্যমে। কিছু শুভবুদ্ধিসম্পন্ন পুরুষকে সাথে নিয়ে তাদের সমান অধিকারের আন্দোলনকে সার্থক রূপ দেওয়ার প্রচেষ্টা তাঁদেরকেই করতে হবে।

অধ্যাপক (ডঃ) অমিত সেন  
সদস্য,  
পঃ বঃ মানবাধিকার কমিশন

### পঃ বঃ মানবাধিকার কমিশনের কৃত্য ও ক্ষমতাসমূহ

কমিশন নিম্নলিখিত কৃত্যসমূহের সমুদয় অথবা যে কোন একটি সম্পাদন করবেন, যথাঃ-

(ক) স্বপ্রগোদনায় (suo motu) অথবা ভুক্তভোগী (victim) কর্তৃক বা তারপক্ষে কোন ব্যক্তি কর্তৃক কমিশনের নিকট দাখিলীকৃত কোন দরখাস্তের ভিত্তিতে কোন লোককৃত্যকারী (public servant) কর্তৃকঃ

- মানবাধিকার লঙ্ঘন অথবা উহার অপসহায়তার অথবা
- ঐরূপ লঙ্ঘন নিবারণে অবহেলার বিষয়ে নালিশ সম্পর্কে অনুসন্ধান করা;

(খ) কোন আদালতের সমক্ষে বিচারাধীন মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ জড়িত আছে এমন কোন কার্যবাহে (proceeding), ঐরূপ আদালতের অনুমোদন নিয়ে মধ্যস্থতা করা;

(গ) রাজ্য সরকারকে জানিয়ে রাজ্য সরকারের নিয়ন্ত্রনাধীন কোন সংশোধনাগার অথবা চিকিৎসাকেন্দ্রে, সংশোধন বা রক্ষণের প্রয়োজনার্থে ব্যক্তিগণকে আটকে রাখা হয় বা সাময়িকভাবে থাকতে দেওয়া হয় এরূপ অন্য কোন প্রতিষ্ঠান, সেখানকার বাসিন্দাদের জীবন্যাত্ত্বার অবস্থা পুঁথনুপুঁথভাবে বিশ্লেষণ করবার জন্য দেখতে যাওয়া এবং সেই বিষয়ে সুপারিশ করা;

(ঘ) মানবাধিকারের রক্ষণের জন্য সংবিধান অথবা সে সময় বলবৎ কোন বিধি (law) দ্বারা বা তদনুযায়ী ব্যবস্থিত রক্ষাবন্ধসমূহ (safeguard) পুনরীক্ষণ (review) করা এবং তাদের সুষ্ঠু রূপায়ণের ব্যবস্থা সুপারিশ করা;

(ঙ) সন্ত্রাসবাদী কার্যসমূহ সমেত যে সকল কারণ মানবাধিকার উপভোগে বাধা সৃষ্টি করে সেগুলি পুনরীক্ষণ (review) করা এবং যথাযোগ্য প্রতিকারমূলক ব্যবস্থা সুপারিশ করা ;

(চ) মানবাধিকারের ক্ষেত্রে গবেষণায় উদ্যোগী হওয়া ও তা সম্প্রসারিত করা ;

(ছ) সমাজের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে মানবাধিকার সম্পর্কিত শিক্ষা বিস্তার করা এবং গ্রন্থ প্রকাশন, প্রচার মাধ্যম, আলোচনাচক্র ও অন্যান্য প্রাণিসাধ্য উপায়ের মাধ্যমে এই সকল অধিকার রক্ষার জন্য প্রাণিসাধ্য রক্ষাবন্ধসমূহ (safeguard) সম্পর্কে চেতনা সম্প্রসারিত করা;

(জ) মানবাধিকারের ক্ষেত্রে সক্রিয় বেসরকারী সংগঠন ও প্রতিষ্ঠান সমূহের প্রচেষ্টায় উৎসাহ প্রদান করা এবং

(ঝ) মানবাধিকারের সম্প্রসারণের জন্য যেরূপ প্রয়োজন বিবেচনা করবেন সেরূপ অন্যান্য কৃত্য।

### কৃত্যস্থীকার

WOMENS COLLEGE, CALCUTTA  
P-29, KISHORE VIDYAVINODE AVENUE,  
CALCUTTA - 700 003  
Phone : 554-4540

শ্রী মুকুল গোপাল মুখোপাধ্যায়  
সমীপেয়—

শ্রদ্ধাভাজনেয়,

আমাদের সার্টিফিকেট কোর্সের রাজ্য অনুমোদন পাওয়া গেছে। উদ্বোধনী অনুষ্ঠানে সবাই আপনার জন্য অপেক্ষা করেছিলাম। আপনার নাম বারবার পড়া হয়েছিল। T.V./ Media, আপনার জন্য অপেক্ষা করেছিল।

ঐ দুটি ছাত্রী যাদের রাস্তায় পুলিশের সঙ্গে বিপদগ্রস্ত হতে হয় তাদের জন্য আপনি যা ব্যবস্থা নিয়েছেন তা সহর্ষ করতালির মধ্যে ঘোষনা করা হয়। Human Rights Commission এর লেখা Police কমিশনারের চিঠির কপি ও নির্দেশ পেয়েছি।

আমাদের এই বারের প্রথম ক্লাশ ২২ মার্চে ঘোষণা করা হয়েছে। সেই মেয়ে দুটি ছিলেন। তাঁরা চোখের জলে কৃত্যস্থী জানিয়ে গেছেন।

আমরা আপনাকে সেদিন খুব Miss করেছি।

আপনাকে, সমস্ত দুঃখী, অসহায় এবং বিশেষভাবে অপমানিত মেয়েদের হয়ে আমার আন্তরিক কৃত্যস্থী ও নির্ভর জানালাম।

মঙ্গলময় আপনার মঙ্গল করুন।

ইতি—

শ্বাঃ শাস্ত্রা দাশগুপ্ত

অধ্যক্ষ

৭.৩.০২